

DEC 1 0 2000

তারিখ ... ..  
সূত্র ... ৩ ... ৩

ইন্ডেক্স ইন্ডেক্স

৬৭

## রাজধানীর সরকারী স্কুলে ভর্তি ফরম বিক্রয় শুরু

ইন্ডেক্স রিপোর্ট ১১ গভকাল (শনিবার) হইতে নগরীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার ফরম বিক্রয় শুরু হইয়াছে। ১৮ই ডিসেম্বরের মধ্যে নির্ধারিত স্কুল হইতে ফরম ক্রয় করিয়া ২০শে ডিসেম্বরের মধ্যে জমা দিতে হইবে। এ, বি ও সি গ্রুপের আওতায় ৯ই জানুয়ারী হইতে ১১ই জানুয়ারীর মধ্যে ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এ গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহ হইল : গভনমেন্ট (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ প্রঃ)

### ভর্তি ফরম (১ম পৃষ্ঠার পর)

ল্যাভরেটরী স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, ঝিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়।  
বি গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহ হইলঃ মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভনমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।

সি গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহ হইল : ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, টিকাটুলি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়।

প্রতি বছরের মত এইবারও নগরীর নামকরা স্কুলসমূহে ভর্তি যুদ্ধ শুরু হইয়াছে। নগরীতে সরকারী বেসরকারী মিলিয়া দেড় শতাধিক স্কুল থাকিলেও ৩০/৩৫টি স্কুলের প্রতিই সকলের ঝোঁক থাকে অত্যধিক। অভিভাবকদের মস্তব্য, শতকরা ৫০ ভাগ স্কুলেও যদি লেখাপড়ার মান-সমান থাকিত তাহা হইলে প্রতি বছর ভর্তি যুদ্ধের দুঃসহ মানসিক পীড়ন ছাত্র-ছাত্রীদের সহ্য করিতে হইত না।